গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.dgt.gov.bd

শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সরকারি যানবাহন অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি:	জনাব মোঃ মিজানুর রহমান, পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ:	২৮/০২/২০২১
সভার সময়:	বেলা ১২.৩০ টা
স্থান:	সভাকক্ষ, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
উপস্থিত কমচারীবৃন্দ:	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় কমিটির সদস্য সচিব বেগম নার্গিস পারভীন জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ অধিদপ্তরকে প্রতি তিন মাস অন্তর নৈতিকতা কমিটির সভা করতে হবে। সে লক্ষ্যে তৃতীয় প্রান্তিকের (জানুয়ারী/২১-মার্চ/২১) এই সভা আহবান করা হয়েছে । সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্রম	বিষয়	বিষয়/গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	নৈতিকতা কমিটির সভা	নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের সভা ১৬/০৭/২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ২য় কোয়ার্টারের সভা ২০/১২/২০ তারিকে অনুষ্ঠিত হয়েছে। ৩য় কোয়ার্টারের /লক্ষ্য মাত্রা অর্জনের জন্য এই সভা আয়োজন করা হয়েছে।	পরিচালক (নৌ),বেগম নার্গিস পারভীন, উপসচিব
২.	অংশীজনের অংশগ্রহণে সভা।	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে ০২টি সভা করতে হবে। সিদ্ধান্তঃ সরকারি যানবাহন অধিদপ্তরে মালামাল সরবরাহকারীদের (অংশীজন) নিয়ে জানুয়ারীর প্রথম সপ্তাহে একটি সভা করতে হবে।	পরিচালক (নৌ), বেগম নার্গিস পারভীন, উপসচিব
৩.	প্রশিক্ষণ	মানবসম্পদ উন্নয়নের জন্য প্রত্যেক কর্মচারীকে বছরে ৫০ঘন্টা প্রশিক্ষণ। (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও আদর্শ প্রশিক্ষণে অন্তর্ভুক্তকরণ; (খ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত দূর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স সম্বন্ধে অলোচনা। (গ) ২০২০-২০২১ অর্থ বছরে এই অধিদপ্তরের ২০০ জন কর্মচারীকে ৫০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মাত্রা নির্ধারণ করা হয়ে। ইতোমধ্যে ২০০ জনের প্রশিক্ষণ সমন্পন্ন করা হয়েছে। সিদ্ধান্তঃ লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মচারীদের ৫০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হলে অবশিষ্ট কর্মচারীদের প্রশিক্ষণ এ ব্যবস্থা গ্রহণ করা হবে।	পরিচালক (সড়ক/নৌ) ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা বেগম নার্গিস পারভীন, উপসচিব মোঃ নুরুল ইসলাম, উচ্চমান সহকারী মিকাইল মিয়া, উচ্চমান সহকারী
৪.	আইন/বিধি/ নীতিমালা	(ক) সরকারি যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রণ) আইন, ২০১৫, যানবাহন ব্যবহার সংক্রান্ত অন্যান্য বিধান ও মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিস্পত্তির নীতিমালা বাস্তবায়ন।	পরিচালক(সড়ক/নৌ)। ব্যবস্থাপক প্রশাসনিক কর্মকর্তা।
৫.	সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বর	সেবা সহজীকরণের জন্য এই অধিদপ্তরে একটি টোল ফ্রি নম্বর প্রয়োজন। টোল ফ্রি নম্বর সরবরাহের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় স্মারক নং-০৫.০০.০০০০.১২১.৯৯.০০৬.২০-২৬৮ তারিখ ০৬/১২/২০০ এর মাধ্যমে প্রশাসনিক অনুমোদন প্রদান করেছেন। সিদ্ধান্তঃ বিটিসিএল এর সাথে যোগাযোগ রাখতে হবে।	পরিচালক(নৌ) বেগম নার্গিস পারভীন, উপসচিব।
৬.	শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ	শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ। সিদ্ধান্তঃ প্রত্যেক মাসের শেষ সপ্তাহে সেবাবক্স হালনাগাদ সংক্রান্ত রিপোর্ট প্রদান করতে হবে।	জনাব মোহাম্মদ ইয়াহ হিয়া খান, উপসচিব " পিএ টু টিসি " মো: আবদুল হালিম " শহিদুল ইসলাম, " " কাউসার আহমেদ ভূইয়া, "
৭.	তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ	তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ। সিদ্ধান্তঃ প্রত্যেক মাসের প্রথমে সেবাবক্স হালনাগাদ সংক্রান্ত রিপোর্ট প্রদান করতে হবে।	জনাব মোহাম্মদ ইয়াহ হিয়া খান, উপসচিব " নার্গিস পারভীন, উপসচিব " বিল্লাল " শহিদুল ইসলাম, " " কাউসার আহমেদ ভূইয়া, "
৮.	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ। সিদ্ধান্তঃ প্রত্যেক মাসে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্স হালনাগাদ এর রিপোর্ট প্রদান করতে হবে।	উপপরিচালক কাউসার আহমেদ ভূঁইয়া, খাদিজা অফিস সহকারী।

৯.	স্ব প্রণোদিত তথ্য ওয়েবসাইটে প্রকাশ	স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদকরণ ওয়েবসাইটে প্রকাশ। সিদ্ধান্তঃ স্ব- প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	জনাব মোহাম্মদ ইয়াহ হিয়া খান, উপসচিব, বেগম নার্গিস পারভীন, উপসচিব।
১০.	উত্তম চর্চার তালিকা	উত্তম চর্চা তালিকার প্রণয়ন করে ১৮/০৮/২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত মনিটরিং করা হয় এবং পরিচ্ছন্ন কর্মীদের পুরস্কৃত করা হয়। সিদ্ধান্তঃ পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত মনিটরিং করতে হবে।	পরিচালক(সড়ক/নৌ) ব্যবস্থাপক হিসাবরক্ষণ কর্মকর্তা প্রশাসনিক কর্মকর্তা
১১.	অভিযোগ নিষ্পত্তিকরণ	অনলাইনে একটি অভিযোগ পাওয়া গেছে। সিদ্ধান্তঃ অনলাইনে কোন অভিযোগ পাওয়া গেলে অনলাইনে তা নিষ্পত্তি করতে হবে।	পরিচালক(সড়ক) উপ পরিচালক, প্রশাসনিক কর্মকর্তা।
১২.	ক্রয়-পরিকল্পনা	পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক ওয়েব সাইটে আপলোডকরণ ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন। সিদ্ধান্তঃ ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। উক্ত পরিকল্পনা যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে।	পরিচালক(সড়ক/নৌ) হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব কনক চক্রবর্তী, হিসাব সহকারী
১৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি(সিটিজেন্স চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন	স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) নির্ধারিত তারিখে মধ্যে হালনাগাদ করণ ও বাস্তবায়ন এর জন্য কমিটি গঠন করা হয়েছে। সিটিজেন চার্টার হালনাগাদ করণের কার্যক্রম চলমান। সিদ্ধান্তঃ কমিটি সিটিজেন চার্টার হালনাগাদ ও বাস্তবায়ন করবেন।	পরিচালক(নৌ) বেগম নার্গিস পারভীন, উপসচিব। উপপরিচালক,শহীদুল সংশ্লিষ্ট কমিটি
১৪.	শাখা-অধিশাখা ও আওতাধীন কার্যালয় পরিদর্শন	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী পরিদর্শন সম্পন্ন করতে হবে। সিদ্ধান্তঃ শাখাসমূহ নিয়মিত পরিদর্শন, পরিদর্শন প্রতিবেদন প্রেরণ এবং পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন করতে হবে।	পরিবহন কমিশনার পরিচালক(সড়ক/নৌ) ব্যবস্থাপক প্রশাসনিক কর্মকর্তা হিসাবরক্ষণ কর্মকর্তা
১৫.	নথির শ্রেণী বিন্যাস ও বিনষ্টকরণ	সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেনী বিন্যাসকরণ এবং নথি বিনষ্টকরণ। সিদ্ধান্তঃ নথির শ্রেনি বিন্যাস কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং বিন্যাসকৃত নথি বিনষ্টের জন্য গঠিত কমিটি কর্তৃক নথি বিনষ্টের জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে।	পরিচালক(সড়ক/নৌ) ব্যবস্থাপক প্রশাসনিক কর্মকর্তা সকল শাখা প্রধানগণ
১৬.	গণশুনানী	০৪/০১/২০২১ তারিখে সরকারি যানবাহন মেরামত কারখানায় খুচরা যন্ত্রাংশ সরবরাহকারীদের সমন্বয়ে প্রাতিষ্ঠানিক গণশুনানী করা হয়েছে। সিদ্ধান্তঃ ৪র্থ কোয়ার্টারের গণশুনানী যথাসময়ের এর মধ্যে করতে হবে।	পরিচালক(নৌ) বেগম নার্গিস পারভীন উপসচিব(সংযুক্ত)।
১৭.	মাসিক সেরা কর্মচারীও সেরা পরিচ্ছন্নতাকর্মি পুরস্কার	সরকারি যানবাহন অধিদপ্তরের মাসিক সেরা কর্মচারী নির্বাচন ও পুরস্কৃতকরণ: ১ম কোয়ার্টারের মাসিক সেরা কর্মচারী পুরস্কার ২৭/০৯/২০২০তারিখে প্রদান করা হয়েছে। ১০/১২/২০২০ তারিখে ২য় কোয়ার্টারের মাসিক সেরা কর্মচারী পুরস্কার প্রদান করা হয়েছে। তৃতীয় কোয়ার্টারের মাসিক সেরা র্কচারী পুরস্কার ২৩/০৩/২০২১ প্রদান করা হবে। সিদ্ধান্তঃ নিয়মিতভাবে মাসিক সেরা কর্মচারী নির্বাচন এবং পুরস্কৃত প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপসচিব(সংযুক্ত)। সংশ্লিষ্ট কমিট্
১৮.	সেমিনার	মুজিববর্ষ উপলক্ষ্যে সেমিনার-এর আয়োজন। সিদ্ধান্তঃ ১০/০২/২০২১ সেমিনার আয়োজন করা হয়েছে।	পরিচালক(নৌ) ম্যানেজার ইয়াহ্ হিয়া খান
১৯.	শুদ্ধাচার পুরস্কার প্রদান	এ অধিদপ্তরের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১২/১২/২০১৯ তারিখে অনুমোদন করা হয়েছে। সিদ্ধান্তঃ শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম ১০.১ অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুসরণ পূর্বক সেরা কর্মচারী পুরস্কার প্রদান নিশ্চিত করতে হবে।	পরিচালক(সড়ক/নৌ) ব্যবস্থাপক বেগম নার্গিস পারভীন হিসাবরক্ষণ কর্মকর্তা

২০.	কর্ম-পরিবেশ উন্নয়ন	স্বাস্থ্য বিধি অনুসরণ করে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ২৭ জনু/২১ এর মধ্যে ২০% করতে হবে। সিদ্ধান্তঃ বিনষ্টকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।	পরিচালক(সড়ক/নৌ) ব্যবস্থাপক প্রশানিক কর্মকর্তা সকল শাখা প্রধান।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ বাস্তবায়নে সকলকে আরো তৎপর ও আন্তরিক হতে হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬.০৬.২০২১

(মোঃ মিজানুর রহমান)
পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব)
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৫.২৯.০৩৭.২০- ২৭৮ তারিখ: ১৮/০৬/২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যাথে:

১। পরিচালক(সড়ক/নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
২। উপসচিব(সংযুক্ত), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা, ঢাকা।
৪। উপপরিচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব(সংযুক্ত), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৯। পরিবহন অফিসার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
১০। পিএ টু পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

২১/০৬/২০২১

(নার্গিস পারভীন)
উপসচিব
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।